

তারিখ: ০২.০৫.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

“নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬”-এর উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র বলেন, আমি কৃতজ্ঞতা জানাই বাংলাদেশ সরকারের মাননীয় রাষ্ট্রনায়ক জনাব তারেক রহমান মহোদয়কে, যিনি এই আয়োজনের উদ্বোধন করেছেন এবং নতুন প্রজন্মের শিক্ষার্থীদের খেলাধুলার প্রতি উৎসাহিত করেছেন। বাংলাদেশ একটি বৈচিত্র্যময় দেশ— এখানে ছয় ঋতুর আবর্তন যেমন আছে, তেমনি রয়েছে প্রতিকূলতা মোকাবেলার অদম্য শক্তি। আমরা অতীতে নানা চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে গেছি—মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা অর্জন করেছি, এবং প্রতিটি সংকটে ঐক্যবদ্ধ থেকেছি। ক্রীড়া আমাদের এই অদম্য শক্তি অর্জনে সহায়তা করে।

“খেলাধুলা মানুষের শারীরিক ও মানসিক বিকাশের জন্য অপরিহার্য। একটি সুস্থ শরীর এবং সুস্থ মন গঠনে খেলাধুলার কোনো বিকল্প নেই। একসময় চট্টগ্রাম থেকে অনেক প্রতিভাবান খেলোয়াড় উঠে এসেছিল, কিন্তু বর্তমানে সেই সংখ্যা কমে গেছে। তাই এই ধরনের উদ্যোগ সময়োপযোগী ও অত্যন্ত প্রয়োজনীয়। আমি বিশ্বাস করি, “নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬” এর মাধ্যমে তৃণমূল পর্যায়ের প্রতিভাবান শিক্ষার্থীরা নিজেদের মেধা ও দক্ষতা বিকাশের সুযোগ পাবে এবং ভবিষ্যতে চট্টগ্রাম ও বাংলাদেশের মুখ উজ্জ্বল করবে।”



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮